দামুড়হুদায় বিদ্যুৎ শটসার্কিট থেকে অগ্নিকান্ড: ঘর বাড়ি পুড়ে ভস্মিভূত

দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা গ্রামে বিদ্যুতের শটসার্কিট থেকে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। অগ্নিকান্ডে কানাইডাঙ্গা গ্রামের মৃত মোবার আলীর ছেলে জাহাঙ্গীর আলম (ভেদু কলেরা) বসত বাড়ি পুড়ে ছাই হয়েছে। ফায়ার সার্ভিস টিম ঘটনাস্থলে যাওয়ার আগেই সব পুড়ে শেষ। আজ সোমবার দুপুর ২ টার দিকে এ ঘটনা ঘটে।

জানাযায়,দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কানাইডাঙ্গা গ্রামের মৃত মোবার আলীর ছেলে জাহাঙ্গীর আলম (ভেদু কলেরায়)এর বাড়িতে বিদ্যুতের শটসার্কিট থেকে আগুন লেগে যায়। আগুন দেখে ডাক চিৎকার দিলে প্রতিবেশীরা ছুটে এসে আগুন নেভানোর চেষ্টা করে থাকে।

ততক্ষণে বসত বাড়িতে থাকা আসবার পত্রসহ সব পুড়ে ছাই হয়ে যায়। এতে করে জাহাঙ্গীর আলম ভেদু কলেরায় এর প্রায় ২ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

খবর পেয়ে ফায়ার সার্ভিসের গাড়ি দুরুত্ব গতিতে রওনা হলেও ঘটনাস্থলে পৌয়ছানো আগেই পুড়ে সব শেষ হয়ে যায়। এলাকাবাসীর সহযোগিতায় আগুন নিয়ন্ত্রণে চলে আসে।পরে খবর পেয়ে ফায়ার সার্ভিস টিম পথের মধ্যে থেকে ফিরে আসে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন আমি ঘটনা শুনেছি এবং তাদেরকে অফিসে আসার জন্য বলেছি। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে যতটুকু সহযোগিতা করার দরকার আমরা করবো।